NEW YORK STATE | Department of Environmental Conservation

ফ্যাক্ট শিট

ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

মে 2021

90-02 168th Street Site

90-02 168th Street
Jamaica, NY 11432

SITE No. C241243
NYSDEC REGION 2

কোথায় তথ্য পাবেন

প্রোজেক্টের ডকুমেন্টগুলিতে অ্যাক্সেস DEC ইনফো লোকেটার (DECinfo Locator) https://www.dec.ny.gov/data/DecDocs/C241243/ এর মাধ্যমে এবং এই সকল জায়গা(গুলি)তে:

Queens Public Library - Central
89-11 Merrick Blvd
Jamaica, NY 11432
(718) 990-0700

Queens Community Board #12
90-28 161st Street
Jamaica, NY 11432

**COVID-19 সতর্কতার কারণে সংগ্রহস্থলগুলি সাময়িকভাবে অনুপলভ্য হতে পারে৷ আপনি যদি অনলাইন সংগ্রহস্থলটি অ্যাক্সেস করতে না পারেন, অনুগ্রহ করে সাহায্যের জন্য নিচে তালিকাভুক্ত NYSDEC প্রোজেক্ট ম্যানেজারের সাথে যোগাযোগ করুন৷*

কার সাথে যোগাযোগ করতে হবে

মতামত ও প্রশ্নসমূহ কেস্বাগত জানানো হয় এবং নিম্নলিখিত অনুযায়ী নির্দেশ করতে হবে:

প্রোজেক্ট সম্পর্কিত প্রশ্নাবলী

Christopher Allan, Project Manager
NYSDEC
Region 2 Headquarters
41-40 21st Street
Long Island, NY 11101
(718) 482-4065
Christopher.allan@dec.ny.gov

প্রোজেক্ট সম্পর্কিত স্বাস্থ্য সংক্রান্ত প্রশ্নাবলী

Anthony Perretta
NYSDOH
Empire State Plaza
Corning Tower Room 1787
Albany, NY 12237
(518) 1365-402
beei@health.ny.gov

নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন:

www.dec.ny.gov/chemical/8450.html

ব্রাউনফিল্ড সাইট দূষণ প্রতিকারের প্রস্তাব দেওয়া; জনসাধারণের মতামতের সময়কাল ঘোষিত

90-02 168th Street, Jamaica, NY এ অবস্থিত 90-02 168th Street Site ("সাইট") এর সম্পর্কিত দূষণ দূরীকরণের জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ(NYSDOH) এর পরামর্শে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনভারসেশন (NYSDEC) কর্তৃক পর্যালোচনা করা একটি প্রস্তাবিত প্রতিকার সম্পর্কে মতামত জানার জন্য জনসাধারণ কে আমন্ত্রণ জানানো হয়েছে৷ অনুগ্রহ করে সাইটের অবস্থানের জন্য মানচিত্রটি দেখুন৷

তদন্তের ফলাফলের ভিত্তিতে, NYSDEC NYSDOH এর সাথে পরামর্শ করে নির্ধারণ করেছে যে সাইটটি জনস্বাস্থ্য বা পরিবেশের জন্য তেমন কোনও উল্লেখযোগ্য ক্ষতির কারণ নয়৷

কিভাবে মতামত জানাবেন: প্রস্তাবিত পরিকল্পনার জন্য, **জুলাই 10, 2021 থেকে মে 27 পর্যন্ত**, 45 দিনের জন্য "রেমিডিয়াল অ্যাকশন ওয়ার্ক প্ল্যান (RAWP) এর খসড়া" সম্পর্কিত লিখিত মন্তব্য NYSDEC গ্রহণ করছে৷

- অনলাইনে DECinfo Locator: https://www.dec.ny.gov/data/DecDocs/C241243/ এর মাধ্যমে RAWP এবং অন্যান্য প্রোজেক্ট ডকুমেন্ট অ্যাক্সেস করুন৷
- "কোথায় তথ্য পাবেন"-এর নিচে বাঁদিকে চিহ্নিত অবস্থানেওডক্যুমেন্টগুলি পাওয়া যায়৷
- প্রোজেক্ট সম্পর্কিত প্রশ্নাবলীর জন্য বামদিকে "কার সাথে যোগাযোগ করতে হবে" এর নিচে তালিকাভুক্ত NYSDEC প্রোজেক্ট ম্যানেজারের কাছে মতামতগুলি জমা দিন৷

রেমিডিয়াল ওয়ার্ক প্ল্যানের খসড়া: প্রস্তাবিত সীমাহীন প্রতিকারের ব্যবহারের মধ্যে রয়েছে:

- সাপোর্ট অফ এক্সকাভেশন (খনন) (SOE) সিস্টেমের ইন্সটলেশন;
- সয়েল ক্লিনআপ অবজেকটিভস (SCOs)এর অনিয়ন্ত্রিত ব্যবহার অতিক্রম করে সমস্ত সাইটের মাটি খনন এবং অফ-সাইট এ নিয়ে তা ফেলে দেওয়া;
- সতর্কতামূলক ব্যবস্থা এবং ভিত্তি নির্মাণ উপাদান হিসাবে একটি সয়েল ভেপার ব্যারিয়ার/ওয়াটারপ্রুফিং ইন্সটলেশন
- যদি একটি সীমাহীন ব্যবহারের ক্লিনআপ অর্জন না করা যায় তবে প্রতিকার ব্যবস্থাগুলির দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণের জন্য সাইট ম্যানেজমেন্ট প্ল্যান (SMP) বাস্তবায়নও প্রয়োজন হতে পারে; এবং
- যদি একটি সীমাহীন ব্যবহারের ক্লিনআপ অর্জন না করা যায় তবে ভবিষ্যতে সাইটের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য একটি এনভায়রনমেন্টাল ইজমেন্ট অর্থাত পরিবেশগত স্বাচ্ছন্দ্য রেকর্ড করতে হবে৷

প্রস্তাবিত প্রতিকারটি নিউইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের (BCP)-র অধীনে সাইটের বিস্তারিত তদন্ত করার পরে 90Ninety LLC ("আবেদনকারী")কর্তৃক তৈরি করা হয়েছিল৷ একটি "রেমিডিয়াল ইনভেস্টিগেশন রিপোর্ট", যা সাইটের তদন্তের ফলাফলগুলি বর্ণনা করে রেমিডিয়াল অ্যাকশন ওয়ার্ক প্ল্যানের সাথে একযোগে জমা দেওয়া হয়েছিল এবং বাম দিকের কলামে চিহ্নিত অবস্থানগুলিতে পর্যালোচনা করার জন্য এটি উপলভ্য আছে৷

ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

পরবর্তী পদক্ষেপ: NYSDEC জনসাধারণের মতামত বিবেচনা করবে, প্রয়োজন হলে ক্লিনআপ প্ল্যানটি সংশোধন করবে, এবং একটি চূড়ান্ত সিদ্ধান্তের ডকুমেন্ট জারি করবে। NYSDOH অবশ্যই প্রস্তাবিত প্রতিকারের সাথে একমত হবে। অনুমোদনের পরে, প্রস্তাবিত প্রতিকার নির্বাচিত প্রতিকারে পরিণত হয়। আবেদনকারী(গণ) এরপর NYSDEC এবং NYSDOH দ্বারা তদারকির মাধ্যমে সাইট দূষণের সমাধানের জন্য ক্লিনআপ অ্যাকশনটি ডিজাইন এবং সম্পাদন করতে পারে।

NYSDEC সাইটটি তদন্ত এবং পরিষ্কার করার সময় জনসাধারণকে অবহিত করবে।

সাইটের বর্ণনা: প্রায় 2.28-একর জমি জুড়ে সাইটটি নিউইয়র্ক এরজামাইকা তে 90-02 168thস্ট্রিটে অবস্থিত। জমিটির উত্তরে 90th এভিনিউ, পূর্বে 168তম স্ট্রিট, পশ্চিমে চার্চ কমপ্লেক্স, একটি ধর্মীয় বইয়ের দোকান, এবং আবাসিক ভবন, ও দক্ষিণে ছোট ছোট ব্যবসায়িক বিল্ডিং। রেকর্ড এ বলা আছে যে সাইটটি 1886 এর আগে আবাসিক বাসস্থান এবং আস্তাবল নিয়ে গঠিত হয়েছিল। 1925 সালে সাইটটিতে একটি প্লাম্বিং শপ এবং পেইন্ট স্টোরেজ শেড সহ ব্যবসায়িক জায়গা উপস্থিত ছিল। 1940 এবং 1950 এর দশকে একটি অটো মেরামতের দোকান এবং গির্জা জায়গাটির উত্তর অংশে উপস্থিত ছিল। 1963 এর মধ্যে সাইট-অন্তর্গত সব কাঠামো ভেঙে দেওয়া হয়েছিল, এবং জায়গাটি তখন থেকেই পার্কিংয়ের জন্য ব্যবহার করা হয়েছিল। পরিকল্পিত পুনর্গঠনে আছে ভূগর্ভস্থ পার্কিং সহ একটি বাণিজ্যিক এবং আবাসিক বিল্ডিং এর মিশ্র-ব্যবহার।

পরিবেশগত এবং স্বাস্থ্য মূল্যায়ন সংক্ষিপ্তসারগুলি সহ অতিরিক্ত সাইটের বিশদ NYSDEC এর পরিবেশগত সাইট প্রতিকার ডেটাবেসগুলিতে (সাইট ID, C241243) প্রবেশ করে) এখানে পাওয়া যাবে:
https://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/index.cfm?pageid=3

তদন্তের সংক্ষিপ্তসার: এই সাইটে উদ্বেগের প্রাথমিক দূষকগুলির মধ্যে রয়েছে অর্ধ-উদ্বায়ী জৈব যৌগগুলি (SVOCs), মাটিতে ধাতু ও কীটনাশক এবং মাটির বাষ্পে উদ্বায়ী জৈব উপাদানগুলি (VOCs)।

ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম: নিউইয়র্ক এরব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (BCP) ‘’ব্রাউনফিল্ডস’’ নামে পরিচিত দূষিত জায়গাগুলির স্বেচ্ছায় পরিষ্কার করার জন্য উত্সাহ দেয় যাতে তাদের পুনরায় ব্যবহার এবং পুনর্গঠন করা যায়। এই ব্যবহারগুলির মধ্যে বিনোদন, আবাসন, ব্যবসা বা অন্যান্য ব্যবহার অন্তর্ভুক্ত থাকতে পারে। ব্রাউনফিল্ড সাইট হল এমন কোনও ভূ-সম্পত্তি যেখানে প্রযোজ্য বিধি অনুযায়ী জায়গাটির যথাযথ প্রত্যাশিত ব্যবহারের ভিত্তিতে কোনও দূষক NYSDEC দ্বারা গৃহীত মাটি পরিষ্কারের উদ্দেশ্য বা অন্যান্য স্বাস্থ্য-ভিত্তিক বা পরিবেশগত মানদণ্ড বা গাইডেন্সের চেয়ে বেশি মাত্রায় উপস্থিত থাকে।

BCP সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান:
https://www.dec.ny.gov/chemical/8450.html

আমরা আপনাকে প্রতিবেশী এবং ভাড়াটেদের সাথে এই ফ্যাক্ট শিট ভাগকরছি, এবং/অথবা অন্যদের দেখার জন্য আপনার বিল্ডিংয়ের একটি বিশিষ্ট স্থানে এই ফ্যাক্টশিট পোস্ট করতে উত্সাহিত করছি।

DEC Delivers এর সাথে সচেতন থাকুন
ইমেলের মাধ্যমে সাইটের আপডেটগুলি পেতে সাইন আপ করুন:
www.dec.ny.gov/chemical/61092.html

দ্রষ্টব্য: দ্রষ্টব্য: আপনি যদি ইতিমধ্যে সাইন আপ করে থাকেন এবং এই ফ্যাক্ট শিটটি বৈদ্যুতিনভাবে গ্রহণ করে থাকেন তাহলে অনুগ্রহ করে অগ্রাহ্য করুন।

DECinfo Locator
DEC ডকুমেন্ট এবং নির্দিষ্ট সাইটের পরিবেশগত গুণমান সম্পর্কে পাবলিক ডেটা অ্যাক্সেসের জন্য ইন্টারেক্টিভ মানচিত্র:
https://www.dec.ny.gov/pubs/109457.html

ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

সাইটের অবস্থান